

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

আইন-২ শাখা

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.৬১.০০১.২১.৪৯

তারিখ: ২৫ চৈত্র ১৪২৭

০৮ এপ্রিল ২০২১

বিষয়: আদালতের রায়ের প্রেক্ষিতে যোগদানের তারিখ হতে ০৪ (চার) জনের বকেয়া বেতন ভাতা সরকারি অংশ প্রদান।

- সূত্র: ১) ৩৭.০০.০০০০.০৭৪.০০২.০০১.২০১৭.৪৭১ তারিখ-২৫.০৯.২০১৭খ্রি.
২) ৩৭.০২.০০০০.১০৫.৯৯.০০৬.১৭.৬৫১৮ তারিখ-০৩.১২.২০১৭খ্রি.
৩) ৩৭.০০.০০০০.০৭৪.০০২.০০১.২০১৭.০৩ তারিখ-০২.০১.২০১৮খ্রি.
৪) ৩৭.০২.০০০০.১০৫.৯৯.০০৬.২০১৭/৪০৬৩/৪ তারিখ-২৩.০৯.২০১৮খ্রি.
৫) ৩৭.০০.০০০০.১০৫.৯৯.০০৬.১৭-৭১ তারিখ-১০.০১.২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং-৩৭.০০.০০০০.০৭৪.০০২.০০১.২০১৭.০৩ তারিখ-০২.০১.২০১৮খ্রি. পত্রে মহামান্য সুপ্রিম কোর্টের রায়/নির্দেশনার আলোকে মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রদত্ত রায়/আদেশ অনুসারে শিক্ষকগণকে যোগদানের তারিখ হতে এম.পি.ও ভুক্ত করার নির্দেশনা রয়েছে। কিন্তু মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৯৯.০০৬.২০১৭/৪০৬৩/৪ তারিখ-২৩.০৯.২০১৮খ্রি. পত্রে সেপ্টেম্বর/২০১৮ মাস হতে এম.পি.ও ভুক্ত করা হয়েছে। শিক্ষকদের যোগদানের তারিখ হতে বকেয়া বেতন ভাতাদি সরকারি অংশ প্রদানের বিষয়ে মন্ত্রণালয়ের নির্দেশনা বাস্তবায়ন করা হয়নি।

শিক্ষকদের যোগদানের তারিখ হতে বকেয়া বেতন ভাতাদি সরকারি অংশ প্রদানের বিষয়ে মন্ত্রণালয়ের নির্দেশনা রয়েছে। মহামান্য আদালতের রায় অনুযায়ী ০৪ (চার) জন শিক্ষককে নামের তালিকা নিম্নরূপ:

ক্রমিক নং	প্রার্থীর নাম	পদবি	বিষয়	কলেজের নাম ও ঠিকানা
১.	জনাব মো: নূর-এ-আলম	প্রভাষক	রাষ্ট্রবিজ্ঞান	বিলহালতী ত্রিমোহনী ডিগ্রি কলেজ, সিংড়া, নাটোর
২.	জনাব মো: হারুনুর রশীদ	প্রভাষক	ইতিহাস	বিলহালতী ত্রিমোহনী ডিগ্রি কলেজ, সিংড়া, নাটোর
৩.	জনাব মো: হুমায়ুন কবীর	প্রভাষক	হিসাববিজ্ঞান	হাজী জামাল উদ্দিন ডিগ্রি কলেজ, ভাঙ্গুড়া, পাবনা
৪.	জনাব মো: আলমাস আনসারী	প্রভাষক	ইসলামের ইতিহাস	শাহাজাদপুর মহিলা ডিগ্রি কলেজ, শাহাজাদপুর, সিরাজগঞ্জ

এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগের রায়, মহামান্য সুপ্রিম কোর্টের আপিল বিভাগের রায় এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের মতামত এবং পূর্বের ধারাবাহিকতায় উপরোক্ত ০৪ (চার) জন শিক্ষককে যোগদানের তারিখ হতে বকেয়া বেতন ভাতাদি প্রদানের লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) শিক্ষক-কর্মচারীগণের এমপিও প্রদান সংক্রান্ত গঠিত চূড়ান্ত কমিটির পরবর্তী সভায় উপস্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



১৭-৬-২০২১

মোঃ সেলিম সিকদার

সহকারী সচিব

ফোন: ৪১০৫০৯৯৭

ইমেইল: law.section2@shed.gov.bd

মহাপরিচালক

মহাপরিচালকের দপ্তর

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.৬১.০০১.২১.৪৯/১(৭)

তারিখ: ২৫ চৈত্র ১৪২৭

০৮ এপ্রিল ২০২১

সদস্য অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৫) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৬) অধ্যক্ষ,
- ৭) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



১৭-৬-২০২১

মোঃ সেলিম সিকদার

সহকারী সচিব